# নবী (সা.) এর ছলাত সম্পাদনের পদ্ধতি

বিভাগ/অধ্যায়ঃ সালাত বিষয়ে বিস্তারিত

রচয়িতা/সঙ্কলকঃ মুহাম্মাদ নাছিরুদ্দিন আলবানী (রহ.)

وجوب الاستعاذة من أربع قبل الدعاء দু'আর পূর্বে চার বিষয়বস্তু থেকে আশ্রয় প্রার্থনা ওয়াজিব হওয়া প্রসঙ্গ

নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলতেনঃ

إِذَا فَرَغَ أَحَدُكُمْ مِنَ التَّشَهُّدِ [الآخِرِ] فَلْيَسْتَعِذْ بِاللَّهِ مِنْ أَرْبَعٍ (يَقُولُ اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ) مِنْ عَذَابِ جَهَنَّمَ وَمِنْ عَذَابِ الْقَبْرِ وَمِنْ فِتْنَةِ الْمَحْيَا وَالْمَمَاتِ وَمِنْ شَرِّ (فِتْنَةِ) الْمَسِيحِ الدَّجَّالِ (ثم يدعو لنفسه بما بدا له)

তোমাদের কেউ যখন তাশাহহুদ (শেষেরটি) সমাপ্ত করে সে যেন চার বিষয়বস্তু থেকে আল্লাহর নিকট আশ্রয় প্রার্থনা করে। বলবেঃ হে আল্লাহ! আমি তোমার নিকট আশ্রয় প্রার্থনা করছি জাহান্নামের আযাব থেকে, কবরের আযাব থেকে, জীবন মরণের বিপর্যয় থেকে, মাসীহুদজ্জালের ফিৎনাহর অনিষ্ট থেকে।

অতঃপর নিজের জন্য যা ইচ্ছা দু'আকরবে।[1]

আরো এসেছে, (كان صلى الله عليه وسلم يدعو به في تشهده) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম উক্ত দুআ পাঠ করতেন তাশাহহুদে।[2] আরো এসেছেঃ

كان يعلمه الصحابة رضي الله عنهم كما يعلمهم السورة من القرآن

নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-ছাহাবাগণকে এমনভাবে এটা শিক্ষা দিতেন। যেমনভাবে কুরআনের সূরা শিক্ষা দিতেন।[3]

## ফুটনোট

[1] মুসলিম, আবু আওয়ানাহ, নাসাঈ, ইবনুল জারুদ “আল-মুনতাকা” গ্রন্থে (২৭), আর এটা ইরওয়াতেও সংকলিত হয়েছে (৩৫০)।

[2] আবু দাউদ, আহমাদ; ছহীহ সনদে।

[3] মুসলিম ও আবু আওয়ানাহ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=8187

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন